

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়
১২নং বঙ্গী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

সভাপতি: অ্যাড. মো: মহিভুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং বঙ্গী ইউনিয়ন পরিষদ
সভার তারিখ: ০৯/০২/২০২২
সময়: বেলা ১১টা
স্থান: ইউপি হলরুম

সভার হাজিরা শিট

ক্রঃ নং	নাম	পদবী/গ্রাম/ওয়ার্ড নং	স্বাক্ষর	মন্তব্য
১	অ্যাড. মোঃ মহিভুল ইসলাম	চেয়ারম্যান		
২	মোছাঃ কহিনুর বেগম	সংরক্ষিত ইউপি সদস্য ওয়ার্ড নং: ১, ২, ৩		
৩	মোছাঃ বর্না আক্তার	সংরক্ষিত ইউপি সদস্য ওয়ার্ড নং: ৪, ৫, ৬		
৪	মোছাঃ মর্জিনা বেগম	সংরক্ষিত ইউপি সদস্য ওয়ার্ড নং: ৭, ৮, ৯		
৫	মোঃ রফিকুল ইসলাম	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ১		
৬	মোঃ সামছুর রহমান	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ২		
৭	মনিরুল ইসলাম	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ৩		
৮	মোঃ গোলাম মোস্তফা	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ৪		
৯	মোঃ হায়দার আলী	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ৫		
১০	মোঃ রবিউল ইসলাম	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ৬		
১১	মোঃ গোলাম রব্বানী	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ৭		
১২	মোঃ সহিদুল ইসলাম	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ৮		
১৩	মোঃ আব্দুর রউফ বিশ্বাস	ইউপি সদস্য, ওয়ার্ড নং: ৯		
১৪	শেখ তানজির আহমেদ	সচিব		

অধ্যাকার সভায় ১২নং বঙ্গী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব অ্যাড. মো: মহিভুল ইসলাম সভাপতির আসন গ্রহণ করে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

(পরের পৃষ্ঠা)

সূচি: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উক্ত বিষয় আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে ইউপি সচিব শেখ তানজির আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার অসঙ্গতি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হয়।

দ্বিতীয় আলোচ্যসূচি: ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে বরাদ্দকৃত নগদ অর্থে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করেন যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২১-২২ অর্থবছরে টিআর ২য় পর্যায়ে দুই লাখ তিন হাজার টাকা (২,০৩,০০০/-) বরাদ্দ পাওয়া গেছে। এক্ষণে প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

প্রকল্প তালিকা

ক্রম	প্রকল্পের নাম	বরাদ্দ	ওয়ার্ড নং
০১	বল্লী এতিমখানা ও হাফিজিয়া মাদ্রাসা সংস্কার	৫০০০০/-	২
০২	শিবনগর ঈদগাহ সংস্কার	৫০০০০/-	৩
০৩	ঘরচালা প্রাইমারি স্কুল জামে মসজিদ সংস্কার	৫০০০০/-	৭
০৪	মোচড়া ঈদগাহ সংস্কার	৫৩০০০/-	৩

- * ১নং প্রকল্প বাস্তবায়ন কমিটি মাদ্রাসা কর্তৃপক্ষ গঠন করবেন।
- * ২নং প্রকল্প বাস্তবায়ন কমিটি ঈদগাহ কর্তৃপক্ষ গঠন করবেন।
- * ৩নং প্রকল্প বাস্তবায়ন কমিটি মসজিদ কর্তৃপক্ষ গঠন করবেন।
- * ৪নং প্রকল্প বাস্তবায়ন কমিটি ঈদগাহ কর্তৃপক্ষ গঠন করবেন।


তৃতীয় আলোচ্যসূচি: ওয়ার্ড সভার তারিখ নির্ধারণ

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করেন যে, প্রতি অর্থবছরে দুইবার ওয়ার্ড সভা করা বিধান রয়েছে। ওয়ার্ড সভার মাধ্যমে জনআকাজ্জকার বিষয়টি উঠে আসে। সংশ্লিষ্ট ওয়ার্ডের ৫% ভোটারের উপস্থিতিতে ওয়ার্ড সভা করতে হবে। ওয়ার্ড সভার মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট ওয়ার্ডের কিম গ্রহণ করতে হবে। এজন্য দিনক্ষণ নির্ধারণ করা প্রয়োজন।

উপস্থিত সদস্যরা এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত তারিখ ও সময়সূচি অনুযায়ী ওয়ার্ড সভা বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ওয়ার্ড নং	তারিখ ও দিন	সময়	স্থান
১	১২ ফেব্রুয়ারি শনিবার	বিকাল ৪টা	সামসুরের মোড়
২	১২ ফেব্রুয়ারি শনিবার	বিকাল ৪টা ৩০ মিনিট	কাঠালতলা প্রাইমারি স্কুল
৩	১৩ ফেব্রুয়ারি রোববার	বিকাল ৪টা	শ্যামপুর মন্ডপ
৪	১১ ফেব্রুয়ারি শুক্রবার	বিকাল ৪টা	ফজলুর মোড়
৫	১০ ফেব্রুয়ারি বৃহস্পতিবার	বিকাল ৪টা	রঘুনাথপুর বটতলা
৬	১২ ফেব্রুয়ারি শনিবার	বিকাল ৫টা	নারায়নপুর প্রাইমারি স্কুল
৭	১০ ফেব্রুয়ারি বৃহস্পতিবার	বিকাল ৫টা	ঘরচালা প্রাইমারি স্কুল
৮	১০ ফেব্রুয়ারি বৃহস্পতিবার	বিকাল ৫টা ৩০ মিনিট	রায়পুর প্রাইমারি স্কুল
৯	১০ ফেব্রুয়ারি বৃহস্পতিবার	বিকাল ৫টা ৩০ মিনিট	রায়পুর প্রাইমারি স্কুল

অদ্যকার সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


এ্যাড. আলহাজ্ব মোঃ মহিউল ইসলাম
চেয়ারম্যান
১২নং বঙ্গী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা